

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট
সাভার, ঢাকা।

নং-৩৩.০৫.২৬৭২.৩০৮.০৬.০০৩.১৮/ ২৪৪

তারিখঃ ২৬/৬/২০১৯ খ্রি

গত ১৩/০৬/২০১৯ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ১৩ জুন, ২০১৯ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই এর প্রশিক্ষণ পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগের বিভাগীয় কার্যালয়ে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।


ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	ড. মোঃ আবদুল জলিল, মেন্টর, ইনোভেশন টিম	পিএসও ও বিভাগীয় প্রধান	স্বাক্ষরিত
০২।	ড. গৌতম কুমার দেব, মেন্টর, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	মোহাম্মদ লুৎফুল হক, সদস্য, ইনোভেশন টিম	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০৪।	ড. ছাদেক আহমেদ, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৬।	নাজমুল হুদা, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৭।	মোঃ আহসানুল কবির, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৮।	মোঃ ফয়জুল হোসাইন মিরাজ, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৯।	মোঃ আতাউল গামি রাক্বানী, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
১০।	মোঃ আল-মামুন, সদস্য, ইনোভেশন টিম	লাইব্রেরিয়ান	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর আলোকে ইনোভেশন কর্মকর্তাদের অগ্রগতি সম্পর্কে সভাপতি সভাকে অবহিত করেন এবং অবশিষ্ট কাজ দ্রুত সমাপ্তির জন্য ইনোভেশন টিমের সদস্যদেরকে তাগিদ দেন। সভায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

- ১। আগামী ২০/০৬/২০১৯ খ্রিঃ তারিখ বিএলআরআই এর সকল বিজ্ঞানী এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার ০২ জন করে ইনোভেশন সদস্য নিয়ে একটি ইনোভেশন ওরিয়েন্টেশন কর্মশালার আয়োজনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের সকল সদস্যদেরকে কর্মশালায় আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। বিএলআরআই ফিড মাস্টার মোবাইল অ্যাপস এর সাকসেস স্টরি সহ বিএলআরআই বিজ্ঞানীদের প্রদত্ত ০৭ টি ইনোভেশন আইডিয়া কর্মশালায় উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের একটি করে সফল ইনোভেশন কর্মশালায় উপস্থাপনের জন্য অনুরোধ পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৫। ইনোভেশন টিমের মেন্টর ড. গৌতম কুমার এর নেতৃত্বে বিএলআরআই ইনোভেটরদেরকে নিয়ে একটি শিক্ষা সফর/নলেজ শেয়ারিং প্রোগ্রাম এর আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ড. নাসরিন সুলতানা)
ইনোভেশন অফিসার